



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বর্ডার গার্ড বাংলাদেশ, আইসিটি ব্যাটালিয়ন, পিলখানা, ঢাকা

নিলাম বিজ্ঞপ্তি নম্বর-০১/২০২০ তারিখ ২২-১১-২০২০

বর্ডার গার্ড বাংলাদেশ এর একেজো ঘোষিত/বিএলআরকৃত/অব্যবহৃত বিভিন্ন সিগন্যাল সরঞ্জামাদি এবং স্টোরে রক্ষিত সম্পূর্ণরূপে ব্যবহার অনুপযোগী ১২ ভোল্ট সেকেন্ডারী ব্যাটারী নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ২৯ নভেম্বর ২০২০ তারিখ ১১৩০ ঘটিকার মধ্যে মালামালের মোট মূল্যের ১০% হিসেবে নিরাপত্তা জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রতিষ্ঠানের প্যাডে আবেদন পূর্বক সীলমোহরকৃত খামে আইসিটি ব্যাটালিয়নে রক্ষিত টেন্ডার বাক্সে অধিনায়ক, আইসিটি ব্যাটালিয়ন, পিলখানা, ঢাকা এর অনুকূলে দাখিল করতে হবে। ব্যাটারী ক্রয়ের নিমিত্তে আবেদন পত্র দাখিলের সময় আবেদন পত্রের সাথে অবশ্যই পরিবেশ অধিদপ্তর কর্তৃক পুরাতন বা একেজো ব্যাটারীর নিরাপদ পুনঃচক্রায়ন ও অপসারণের (Safe Recycling and Disposal) জন্য পরিবেশগত ছাড়পত্র সংযুক্ত করতে হবে এবং ব্যাটারী সংগ্রহের সময় মূল ছাড়পত্র প্রদর্শন করতে হবে। ২৯ নভেম্বর ২০২০ তারিখ ১২০০ ঘটিকায় দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদন পত্র খোলা হবে। উল্লেখ্য যে, নির্বাচিত প্রতিষ্ঠানকে অবশ্যই দাখিলকৃত মোট মূল্যের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর এবং ভ্যাট প্রদান করতে হবে। নিলামযোগ্য মালামাল আগামী ২৩-২৮ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত (প্রতি কার্য দিবসে ০৮৫০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকার মধ্যে) পিলখানাস্থ কেন্দ্রীয় যোগাযোগ স্টোরে সরেজমিনে দেখার সুযোগ থাকবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

এস এম রেজাউর রহমান

পরিচালক

অধিনায়ক

আইসিটি ব্যাটালিয়ন, ঢাকা